সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫০০

৪০/ কিয়ামত (كتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

আরবী

وَقَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لَلَّهُ أَفْرَحُ بِتَوْبَةِ أَحَدِكُمْ مِنْ رَجُلٍ بِأَرْضٍ دَوِيَّةٍ مُهْلِكَةٍ مَعَهُ رَاحِلَتُهُ عَلَيْهَا زَادُهُ وَطَعَامُهُ وَشَرَابُهُ وَمَا يُصْلِحُهُ فَأَضَلَّهَا فَخَرَجَ فِي طَلَبِهَا حَتَّى إِذَا أَدْرَكَهُ الْمَوْتُ قَالَ أَرْجِعُ إِلَى مَكَانِي الَّذِي أَضْلَلْتُهَا فِيهِ فَأَمُوتُ فِيهِ فَرَجَعَ إِلَى مَكَانِهِ فَغَلَبَتْهُ عَيْنُهُ فَاسْتَيْقَظَ فَإِذَا رَاحِلَتُهُ عِنْدَ رَأْسِهِ عَلَيْهَا طَعَامُهُ وَشَرَابُهُ وَمَا يُصْلِحُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَفِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَالنُّعْمَانِ بْنِ بَشِيرٍ وَأَنَسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

২৫০০. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বান্দার তাওবায় আল্লাহ তা’আলা এমন এক ব্যক্তির চেয়েও বেশী আনন্দিত হন যে ব্যক্তি গাছ-পালা ও পানি বিহীন বিজন ভয়াবহ এক মরুভূমিতে যাত্রা করছে। তার সাথের বাহনটিতে সে তার পাথেয় খাদ্য, পানীয় এবং আরো যা যা তার দরকারী জিনিসপত্র রেখেছে। কিন্তু হঠাৎ সে তার বাহনটি হারিয়ে ফেলল। সে তার তালাশ করতে লাগল কিন্তু সে (তা না পেয়ে) যখন মৃত্যুর সম্মুখীন হয়ে পড়ল ভাবল যেখান থেকে সেটিকে হারিয়ে ছিলাম ঐখানেই ফিরে যাই এবং সেই স্থানে গিয়েই মরি। অনন্তর সে ঐ স্থানে ফিরে এল। একসময় (ক্লান্তিতে) তার বুজে আসল। হঠাৎ জেগে দেখে তার বাহনটি মাথার কাছে দাঁড়ান। তার খাদ্য, পানীয়, দরকারী জিনিসপত্র সবই তাতে রয়েছে। (এমতাবস্থায় এই ব্যক্তি যতটুকু আনন্দিত হবে আল্লাহ তাআলা কোন বান্দার তাওবায় এতদপেক্ষা অরেক বেশী আনন্দিত হয়ে থাকেন। সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৯৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সহীহ। এই বিষয়ে আবূ হুরায়রা, নু’মান ইবন বাশীর ও আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহুম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেও হাদীস বর্ণিত আছে।

English

And the Messenger of Allah (s.a.w) said:
"Allah is more pleased with the repentance of one of you that a man in a desolate, barren, destructive wasteland, who has his mount carrying his provisions, his food, and his drink and what he needs with him. Then it wanders away. So he goes to find it until he is on the brink of death. He says: 'I will return to the place where I lost it, to die.' So he returns to his place and his eyes become heavy (falling asleep). Then he awakens to find his mount at his head carrying his food, drink and what he needs."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37854

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন